হজে গিয়ে মক্কায় বাংলাদেশি নারীর মৃত্যু

সৌদি আরবের মক্কায় হজ পালন করতে গিয়ে তাহমিনা নাসরিন (৪৮) নামে এক বাংলাদেশি হজযাত্রী মারা গেছেন।

সোমবার হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয় বলে জানিয়েছেন মক্কার হজ কাউন্সিলর মাকসুদুর রহমান।

তাহমিনা নাসরিনের পাসপোর্ট নম্বর- বিএন (০২৭৪৭২২)। তিনি ঢাকার মোহাম্মদপুরের বাসিন্দা।

এ নিয়ে মক্কায় এখন পর্যন্ত পাঁচ বাংলাদেশি মারা গেলেন। তাদের মধ্যে চারজন পুরুষ ও একজন নারী।

মঙ্গলবার সকাল পর্যন্ত বাংলাদেশ থেকে ১৪৫টি ফ্লাইটে ৫৩ হাজার ২৫৩ হজযাত্রী সৌদি আরবে পৌঁছেছেন।

এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় চার হাজার ৬০৪ এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৪৮ হাজার ৬৪৯ জন সেখানে পৌঁছান।